কালের কণ্ঠ

তারিখ ... 02 AUG 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...7...

### বিভাগীয় শহরে ইংলিশ মিডিয়াম স্কুল খুলেছে

# নজরদারি, চাপা আতঙ্ক

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

গুলশান ও শোলাকিয়ায় হামলার ঘটনার পরিপ্রেক্ষিতে এবং ঈদের ছুটির পর বিভাগীয় শহরগুলোতে ইংলিশ মিডিয়াম স্কুলগুলো খুলেছে। স্কুল-সংশ্লিষ্টরা বলছেন, শিক্ষার্থীদের উপস্থিতি স্বাভাবিক রয়েছে। বাড়ানো হয়েছে নিরাপত্তাব্যবস্থা ও নজরদারি। তবে অভিভাবকদের মাঝে রয়েছে আতঙ্ক। তাঁরা সন্তানকে স্কুলে দিয়ে ছুটি না হওয়া পর্যন্ত বাইরে অপেক্ষা করছেন।

চট্টগ্রামে ছোট-বড় ১৫টি ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে। পরিচয়পত্র বহনকারী শিক্ষার্থী ছাড়া কাউকে স্কুলে ঢুকতে দেওয়া হচ্ছে না। এর মধ্যে বেশ কিছু স্কুলে সিসিটিভির সংখ্যা বাড়ানো হয়েছে। যেগুলোতে সিসিটিভি নেই এখন সেখানে বসানো হচ্ছে। সিলেটের স্কুলগুলোতে সাম্প্রতিক হামলার ঘটনার তেমন প্রভাব পড়েনি। পাঠদান শুরু হয়েছে। রংপুরের ইংলিশ মিডিয়াম স্কুলগুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি প্রায় স্বাভাবিক ছিল।

**স্কুলগুলোতে বাড়ানো হয়েছে নিরাপত্তা**

বিস্তারিত আমাদের নিজস্ব প্রতিবেদকদের পাঠানো খবরে :

চট্টগ্রামের ইংলিশ মিডিয়াম স্কুলগুলো খুলেছে। শিক্ষার্থী উপস্থিতি আগের মতোই স্বাভাবিক রয়েছে। তবে অভিভাবকদের মধ্যে এক ধরনের আতঙ্ক রয়েছে। স্কুলগুলোতে সিসিটিভির সংখ্যা বাড়ানো হয়েছে। আর যেসব স্কুলে সিসিটিভি ছিল না সেখানে লাগানো হচ্ছে। একই সঙ্গে স্কুল চলাকালীন পুলিশের টহল বাড়ানো হয়েছে। পরিচয়পত্র বহনকারী শিক্ষার্থী ছাড়া অন্য কাউকে স্কুলে ঢুকতে দেওয়া হচ্ছে না। লিটল জুয়েলস স্কুলে ও লেভেলে অধ্যয়নরত এক শিক্ষার্থীর অভিভাবক জানান, এর আগে তিনি সন্তানকে স্কুলে আনা-নেওয়া করতেন। কিন্তু সাম্প্রতিক ঘটনাগুলোর পর থেকে ছুটি না হওয়া পর্যন্ত স্কুলের সামনে থাকেন।

নগরের সবচেয়ে বড় চিটাগং ইংলিশ গ্রামার স্কুল (সিজিএস)। চট্টেশ্বরী ও সার্সন রোডে এ স্কুলের দুটি ক্যাম্পাসে প্রায় এগারো শ শিক্ষার্থী রয়েছে। এ ছাড়া নাসিরাবাদে সানসাইন গ্রামার, কাতালগঞ্জে লিটল জুয়েলস, প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল, পাঁচলাইশে মাস্টারমাইন্ড, নাসিরাবাদে উইলিয়াম কেরি, বায়েজিদ বোস্তামী রোডে সাইডার, ও আর নিজাম রোড এবং হালিশহরে বে ভিউসহ ছোট-বড় ১৫টি ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে।

সিলেটের ইংরেজি মাধ্যম স্কুলগুলোতে সাম্প্রতিক সময়ে হামলার ঘটনার তেমন প্রভাব পড়েনি। গ্রীষ্মকালীন ছুটি শেষে বর্তমানে স্কুলগুলোতে পাঠদান শুরু হয়েছে। শিক্ষার্থীদের উপস্থিতি স্বাভাবিক রয়েছে বলেও জানিয়েছে স্কুল কর্তৃপক্ষ। সিলেটের স্বনামধন্য আনন্দ নিকেতন স্কুলে গত রবিবার থেকে পাঠদান শুরু হয়েছে।

রংপুরের ইংলিশ মিডিয়াম স্কুলগুলো নাশকতা ও জঙ্গি হামলার ভয় কাটিয়ে উঠছে। নগরের ইন্টারন্যাশনাল গ্রামার স্কুল, শাহান ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, রংপুরের মিলেনিয়াম স্টার, বিয়াম স্কুল অ্যান্ড কলেজে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি দেখা গেছে।

ময়মনসিংহ শহরের নতুন বাজার এলাকার অন্বেষা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজে নিয়মিত ক্লাস হচ্ছে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছেন। জানা গেছে, প্লে গ্রুপ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত এ প্রতিষ্ঠানে পাঠদান চলে। বগুড়ার ইংলিশ ভার্সনের দুটি শিক্ষাপ্রতিষ্ঠানে নিরাপত্তা জোরদার করা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠান দুটি হচ্ছে সেনাবাহিনী পরিচালিত মিলেনিয়াম স্কলাসটিক স্কুল অ্যান্ড কলেজ এবং বিয়াম ফাউন্ডেশন পরিচালিত বিয়াম ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ।

শহরের জাহাঙ্গীরাবাদ ক্যান্টনমেন্ট এলাকায় অবস্থিত মিলেনিয়াম স্কলাসটিক স্কুল অ্যান্ড কলেজে নিরাপত্তা জোরদার করা হয়েছে সবচেয়ে বেশি। সেখানে ক্লাস চলা অবস্থায় প্রতিষ্ঠানে কোনো অভিভাবককে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না। প্রধান গেটে সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরী রয়েছে শিক্ষার্থীদের ওপর নজর রাখার জন্য। এ ছাড়া স্কুলবাসে শিক্ষার্থী ছাড়া কোনো অভিভাবককে যাতায়াতের অনুমতিও বন্ধ করে দেওয়া হয়েছে।